

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২২৯৪(আগরতলা, ১২। ১০)
কুমারঘাট, ১২ অক্টোবর, ২০১৭

**কুমারঘাটে বাঁশ ভিত্তিক শিল্প
প্রতিষ্ঠান গুচ্ছ প্রকল্পের উদ্বোধন**

আজ উনকোটি জেলার কুমারঘাটের আশ্বেদকর নগরের ইন্ডাস্ট্রিয়াল এলাকায় এক অনুষ্ঠানের মধ্য দিয়ে বাঁশ ভিত্তিক শিল্প প্রতিষ্ঠান গুচ্ছ প্রকল্পের উদ্বোধন হয়। উদ্বোধন করেন শিল্প ও বাণিজ্য দপ্তরের মন্ত্রী তপন চক্রবর্তী। সভাপতিত্ব করেন কুমারঘাট পঞ্চায়েত সমিতির ভাইস-চেয়ারম্যান সঞ্জয় ভট্টাচার্য্য। অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উনকোটি জিলা পরিষদের সভাপতি কল্পনা দেবনাথ, প্রাক্তন মন্ত্রী বিধু ভূষণ মালাকার, বিধায়ক সমীরণ মালাকার, প্রাক্তন বিধায়ক বিজয় রায়, প্রাক্তন বি এ সি-র চেয়ারম্যান বীরচন্দ্র দেববর্মা, পুর পরিষদের চেয়ারপার্সন অনামিকা মালাকার প্রমুখ। বাঁশ ভিত্তিক শিল্প গুচ্ছের উদ্বোধন করে শিল্প ও বাণিজ্য মন্ত্রী তপন চক্রবর্তী বলেন, রাজ্যে মানুষের জীবন-জীবিকার সাথে যুক্ত হয়ে একদিকে যেমন সংস্কৃতি গড়ে উঠেছে তেমনি প্রাকৃতিক সম্পদ ব্যবহার করে অর্থনৈতিক উন্নয়ন সম্ভব। বাঁশ ভিত্তিক শিল্প বিকাশের এক উজ্জ্বল সম্ভাবনা রয়েছে রাজ্যে। শিল্পের জন্য প্রয়োজনীয় কাঁচা মালের অভাব নেই। তিনি বলেন, রাজ্যে রাবার সহ বিভিন্ন জাতের ফলের চাষও হচ্ছে। অর্থকরী সম্পদ হিসেবে বাঁশের চাষও হচ্ছে। তিনি অতীতের কথা তুলে ধরে বলেন, মানুষ এখন বিজ্ঞানকে কাজে লাগিয়ে এগিয়ে যাচ্ছে। চাহিদার পরিবর্তনও হচ্ছে। শিল্প ও বাণিজ্য মন্ত্রী তপন চক্রবর্তী বলেন, রাজ্যের বেকার যুবক-যুবতীদের কর্ম সংস্থানের জন্য ত্রিপুরা স্কীল ডেভেলপমেন্ট মিশনের মধ্য দিয়ে প্রশিক্ষণের ব্যবস্থা হয়েছে। মৃত্তিঙ্গা বাঁশ ছাড়া ভাল ধূপকাঠির শলা তৈরী হয় না, রাজ্যে মৃত্তিঙ্গা বাঁশের যোগান প্রচুর। তিনি বলেন, যারা বেসরকারীভাবে বাঁশ ভিত্তিক শিল্পের কাজ করতে চান, সরকার তাদের সাহায্য করবে এবং তাদের উদ্যোগকে সরকার স্বাগত জানাবে। অনুষ্ঠানে স্বাগত ভাষণ রাখেন ত্রিপুরা ব্যাস্থো মিশনের মিশন অধিকর্তা ভি জি জেনার। তিনি বলেন, কুমারঘাটে বাঁশ ভিত্তিক শিল্প প্রতিষ্ঠান গুচ্ছ প্রকল্পের জন্য ব্যয় হয়েছে ২.৬৭ কোটি টাকা। এই প্রকল্পে ৬টি কারখানা বিল্ডিং এবং মোট ১৫৩টি মেশিন স্থাপন করা হয়েছে এবং বর্তমানে ১৫০ জন বেকারের কর্ম সংস্থান হচ্ছে। যার উৎপাদন ক্ষমতা প্রায় ৬৩ মেট্রিকটন প্রতি মাসে।
